

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫০৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ সচ্চরিত্রতার মাহাত্ম

আরবী

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرِهِ قَالَ قِيلَ لِرَسُولِ اللهِ عَيْلِ أَيُّ النَّاسِ أَفْضَلُ؟ قَالَ كُلُّ مَخْمُومِ الْقَلْبِ عَالَ هُوَ التَّقِيُّ الْقَلْبِ صَدُوْقِ اللِّسَانِ قَالُوا صَدُوْقُ اللِّسَانِ نَعْرِفُهُ فَمَا مَخْمُومُ الْقَلْبِ قَالَ هُوَ التَّقِيُّ الْقَلْبِ عَالَ هُوَ التَّقِيُّ النَّقِيُّ لَا إِثْمَ فِيهِ وَلَا بَعْيَ وَلَا غِلَّ وَلَا حَسَدَ

বাংলা

(৩৫০৮) আব্দুল্লাহ বিন আমর (রাঃ) বলেন, একদা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করা হল, 'সবচেয়ে শ্রেষ্ঠ লোক হল সেই, যার হৃদয় হল পরিষ্কার এবং জিভ হল সত্যবাদী। জিজ্ঞাসা করা হল, 'পরিষ্কার হৃদয়ের অর্থ কী?' বললেন, যে হৃদয় সংযমশীল, নির্মল, যাতে কোন পাপ নেই, অন্যায় নেই, ঈর্ষা ও হিংসা নেই।'' জিজ্ঞাসা করা হল, 'তারপর কে?' বললেন, যে দুনিয়াকে ঘৃণা করে এবং আখেরাতকে ভালোবাসে।'' জিজ্ঞাসা করা হল, 'তারপর কে?' বললেন, ''সুন্দর চরিত্রের মুমিন।

ফুটনোট

(ইবনে মাজাহ ৪২১৬, সহীহুল জামে ৩২৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন